

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৫, ২০০৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
হানীয় সরকার, পঞ্চী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
পঞ্চী উন্নয়ন ও সমবায় বিভাগ  
প্রশাসন শাখা-৮

### প্রজ্ঞাপন

তারিখ, ৬ কার্তিক ১৪১১/২১ অক্টোবর ২০০৮

এস.আর.ও নং ৩০৭-আইন/২০০৮।—সমবায় সমিতি আইন, ২০০১ (২০০১ সনের ৪৭ নং আইন) এর ধারা ৪ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জনস্বার্থে, মেট্রোপলিটন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ নামীয় সমবায় সমিতিকে উক্ত আইনের ধারা ১৮ এর উপ-ধারা (৫), (৬) ও (৭) এর প্রয়োগ হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা :—

### শর্তসমূহ

- (ক) জেলা সমবায় অফিসার, জেলা সমবায় কার্যালয়, ঢাকা, এর বিগত ২৩ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের ২৪১৯ নং আদেশমূলে গঠিত মেট্রোপলিটন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি উহার মেয়াদ উত্তীর্ণ হইবার তারিখ হইতে আরও ১৮০ (একশত আশি) দিন দায়িত্ব পালন করিবে; এবং
- (খ) উক্ত অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটি দফন (ক) তে উল্লিখিত সময়সীমার মধ্যে মেট্রোপলিটন কো-অপারেটিভ হাউজিং সোসাইটি লিঃ এর ব্যবস্থাপনা কমিটির নির্বাচন অনুষ্ঠানের ব্যবস্থা করিবে এবং নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির নিকট দায়িত্বভার হস্তান্তর করিবে।

২। এই প্রজ্ঞাপন ২২ সেপ্টেম্বর, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

খোরশোদ আলম  
উপ-সচিব (প্রশাসন)।

মোঃ নূর-নবী (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৭০৩৫)

মূল্য : ১.০০ টাকা